# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

EOI-বাবি- ২৯/৪৩৮/২৫-২৬ ১২ জানুয়ারী ২০২৬

## INVITATION FOR EXPRESSION OF INTEREST (EOI) FOR 1× TUG BOAT-2 (NB-787) HULL CONSTRUCTION WORK

| | | |
|---|---|---|
| ০১। | EOI আহবানকারী প্রতিষ্ঠানের নাম | খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বিএন, খুলনা। |
| ০২। | কাজের বিবরণ এবং পরিমান | ০১টি টাগবোটের নির্মাণ সংশ্লিষ্ট কাজ (ড্রইং মোতাবেক BV সার্ভেয়ার ও খুশিলির কোয়ালিটি কন্ট্রোল সেল কর্তৃক ইন্স্পেক্শন্ ও অনুমোদন সাপেক্ষে হাল নির্মাণ কাজ ইত্যাদি) যৌথ ব্যবসায়িক চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য EOI আহবান প্রসঙ্গে। |
| ০৩। | EOI জমার তারিখ | ১৮ জানুয়ারী ২০২৬ (বেলা ১১.১৫ ঘটিকা পর্যন্ত)। |
| ০৪। | EOI খোলার তারিখ ও সময় | ১৮ জানুয়ারী ২০২৬ বেলা ১১.৩০ ঘটিকায় খুলনা শিপইয়ার্ডের এমপ্লয়িজ ক্লাবে। |
| ০৫। | EOI প্রাপ্তির স্থান | ক) খুলনা শিপইয়ার্ড লিঃ এর বাণিজ্যিক লোকাল শাখা হতে অফিস চলাকালীন সময়ে।<br>খ) খুলনা শিপইয়ার্ড লিঃ এর ওয়েবসাইট হতে (Website: www.khulnashipyard.gov.bd) ডাউনলোড করে নেওয়া যাবে। |
| ০৬। | EOI দাখিলের স্থান | খুলনা শিপইয়ার্ড লিঃ এর প্রধান গেটে রক্ষিত টেন্ডার বক্সে বন্ধ খামে জমা প্রদান করতে হবে। |
| ০৭। | জামানতের পরিমান | উদ্ধৃত দরের ৩% হারে খুলনা শিপইয়ার্ড লিঃ এর অনুকূলে ডিডি /পে-অর্ডার আকারে (ফেরতযোগ্য) প্রদান করতে হবে । |
| ০৮। | যোগাযোগের মাধ্যম | ফোন: ০২-৪৪১১০৯৮৭/ ৪৪১১৯৯০<br>মোবাইল: ০১৯১৯-৮২১১৪৮, ০১৭১৬-৭০৩৪৭৭<br>ফ্যাক্স: ৮৮-০২-৪৭৭৭২০৪০৪<br>ইমেইল: oiccoml.ksy@gmail.com<br>ওয়েবসাইট: www.khulnashipyard.gov.bd |
| ০৯। | বিশেষ নির্দেশাবলী | খুলনা শিপইয়ার্ড লিমিটেড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল EOI গ্রহণ/ বাতিল করার অধিকার সংরক্ষন করেন। |

ডিজিএম (সিএন্ডপি)

# খুলনা শিপইয়ার্ড লিমিটেড

## বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা

ফোনঃ ০৪১-৭২০০০৩/৮১৩৯৭৫ ফ্যাক্সঃ ৮৮০-৪১-৭২০৪০৪, Website: www.khulnashipyard.gov.bd

E-mail : oiccoml.ksy@gmail.com


EOI নং-বাবি (এল)- ২৯/৪৩৮/২৫-২৬ তারিখঃ ১২ জানুয়ারী ২০২৬

# INVITATION FOR EXPRESSION OF INTEREST (EOI) FOR 1× TUG BOAT-2 (NB-787) HULL CONSTRUCTION WORK

-----------------------------

-----------------------------

-----------------------------

মোবাইলঃ

ইমেইলঃ

**(জব নং- নঃনিঃ ৭৮৭) ০১টি টাগ বোটের নির্মাণ সংশ্লিষ্ট কাজ যৌথ ব্যবসায়িক চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য EOI আহবান প্রসঙ্গে।**

খুলনা শিপইয়ার্ড লিমিটেডে নির্মিতব্য ০১টি টাগবোটের (দৈর্ঘ্যঃ ৩৭.৭০ মিটার, প্রস্থঃ ১১.০০ মিটার, উচ্চতাঃ ৬.১০ মিটার, ওজনঃ ২৩০ টন) নিম্নেবর্ণিত কাজের জন্য পদ্ধতিতে সীলমোহরযুক্ত খামে নিম্নোক্ত নিয়ম কানুন পালন সাপেক্ষে EOI আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | কাজের বিবরন | কাজের পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | **হালের কাজঃ** খুশিলির সরবরাহকৃত ড্রইং মোতাবেক ০১টি টাগবোট এর আনুমানিক ওজনঃ ২৩০ টন, মোট ব্লকঃ ২০টি, খুশিলির QC এবং BV সার্ভেয়ার কর্তৃক ইন্স্পেক্শন্ ও অনুমোদন সাপেক্ষে নির্মাণ সম্পন্ন করা। | ১) ফিটিং, ওয়েল্ডিং ও গ্রাইন্ডিং করতঃ ব্লকসমূহ তৈরী করে ইরেকশনের কাজ সম্পন্ন করা।<br>২) ট্যাংক টেস্ট সম্পন্ন করা, NDT (RT, UT) সংশ্লিষ্ট সকল কাজ সম্পন্ন করে লঞ্চিং এর জন্য প্রস্তুত করা। | নির্মাণ কাজের প্রতিটি ধাপে খুশিলি QC ও খুশিলি কর্তৃক নিয়োগকৃত BV Class এর মাধ্যমে গুনগতমান নিশ্চিত করতে হবে। |

ক। যৌথ ব্যবসায়িক চুক্তিতে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের যোগ্যতা ঃ

**১) সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের যে কোন ক্লাসিফিকেশন সোসাইটির অধীনে টাগবোট জাহাজ নির্মাণ সংশ্লিষ্ট সকল কাজ সম্পন্ন করার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। এ সংক্রান্ত প্রমান দরপত্রের সাথে সরবরাহ করতে হবে।**

**২) ট্রেড লাইসেন্স, TIN, VAT/TAX সনদের সত্যায়িত হালনাগাদ কপি দাখিল করতে হবে।**

**৩) বর্ণিত কাজের বিস্তারিত বিবরণ এবং শর্তাবলীর বিষয়ে একটি সম্মতি পত্র প্রদান করতে হবে।**

৪) চুক্তি সম্পাদনের ৯০ দিন এর মধ্যে লঞ্চিং সংশ্লিষ্ট সকল কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রয়োজনীয় সংখ্যক দক্ষ ওয়েল্ডার, ফিটার, গ্যাসকাটার ও গ্রাইন্ডার নিয়োজিত থাকতে হবে।

৫) সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানের নির্মাণ কাজ সংশ্লিষ্ট নিজস্ব উৎপাদন সুবিধাদি থাকতে হবে (ইনস্ট্রুমেন্টস, ইকুইপমেন্টস এবং স্থাপনা)।

৬) টাগবোট নির্মাণ সংশ্লিষ্ট সকল কাজ খুশিলির কোয়ালিটি কন্ট্রোল সেল এবং BV (Bureau Veritas) ক্লাসের নির্দেশিকা মোতাবেক গুণগতমান বজায় রেখে সম্পন্ন করতে হবে।

খ। খুলনা শিপইয়ার্ড লিমিটেডে (জব নং- নঃনিঃ ৭৮৭) ০১টি টাগ বোটের নির্মাণ সংশ্লিষ্ট উপরোল্লিখিত কাজ সংযুক্ত ড্রইং (ANNEX-A) মোতাবেক যৌথ ব্যবসায়িক চুক্তির মাধ্যমে সম্পাদনের জন্য সর্বমোট দর (ANNEX-B) প্রদান করতে হবে।

গ। EOI জমা দেয়ার স্থান এবং দাখিল করার শেষ সময় ঃ

১) খুলনা শিপইয়ার্ড লিঃ বিএন, খুলনা এর প্রধান ফটকে রক্ষিত টেন্ডার বক্সে নিজে অথবা প্রতিনিধি মারফত জমা করা যেতে পারে অথবা Online এ (email: oiccoml.ksy@gmail.com) এ EOI দাখিল করা যাবে। তবে ই-মেইলে EOI প্রদানের ক্ষেত্রে অবশ্যই আর্নেষ্ট মানি বাবদ পে-অর্ডার/ সমপরিমান টাকার ডিমান্ড ড্রাফট এর স্ক্যান কপি তারিখ ১৮ জানুয়ারী ২০২৬ বেলা ১১.১৫

ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে এবং ২৪ ঘন্টার মধ্যে মূল কপি বাণিজ্যিক লোকাল শাখায় পৌছাতে হবে, অন্যথায় EOI বাতিল বলে গন্য হবে। এছাড়া EOI ডাকযোগে EOI খোলার পূর্বে যথাযথ সময়ে প্রেরণ করা যেতে পারে। উল্লেখ্য, ই-মেইল যোগে EOI প্রেরনের পর বেলা ১১.১৫ ঘটিকার মধ্যে কর্তৃপক্ষকে (মোবাইলঃ ০১৭১৬-৭০৩৪৭৭) ফোন করে নিশ্চিত করতে হবে।

২) EOI দাখিল করার শেষ সময় ১৮ জানুয়ারী ২০২৬, বেলাঃ ১১.১৫ ঘটিকা।

ঘ। **EOI খোলার তারিখ এবং সময় ঃ**

১) ১৮ জানুয়ারী ২০২৬ বেলাঃ ১১.৩০ ঘটিকা, উপস্থিত দরদাতাগণ অথবা তাদের মনোনিত প্রতিনিধিদের (যদি কেউ উপস্থিত থাকেন) সম্মুখে।

ঙ। উল্লেখ্য খামের উপরে EOI নম্বর, খোলার তারিখ এবং সময় উল্লেখ করতে হবে।

চ। **জামানতের টাকা ঃ**

১) দরদাতাগণ EOI এর সাথে উদ্ধৃত মোট মূল্যের ৩% হারে আর্নেস্ট মানি/ জামানতের টাকা "খুলনা শিপইয়ার্ড লিঃ" এর অনুকূলে তফশিলভূক্ত বাংলাদেশী যে কোন ব্যাংকের পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে।

২) জামানতের টাকা ব্যতীত যে কোন EOI ননরেস্পন্সিভ হিসাবে গণ্য হবে এবং EOI বাতিল বলে বিবেচিত হবে।

ছ। **শর্তাবলীঃ**

১) হাল নির্মাণের ক্ষেত্রে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সংখ্যক দক্ষ ওয়েল্ডার, ফিটার, গ্যাসকাটার ও গ্রাইন্ডার নিয়োজিত করতে হবে। সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট BV (Bureau Veritas) ক্লাস সার্টিফাইড কমপক্ষে ১০ জন Arc ওয়েল্ডার নিয়োজিত করতে হবে এবং তাদের সনদের ফটোকপি দরপত্রের সাথে সরবরাহ করতে হবে।

২) BV ক্লাসের গাইড লাইন অনুসারে কাজের মান নিশ্চিত করতে হবে। খুশিলির কোয়ালিটি কন্ট্রোল সেল এবং BV ক্লাসের সন্তোষজনক ইন্সপেক্শন করে অনুমোদন রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে সকল কাজ সম্পন্ন করতে হবে।

৩) ব্লক সমূহ নির্মাণের নিমিত্তে সকল জিগ তৈরী করা রয়েছে। তবে কাজের সুবিধার্থে প্রয়োজন অনুযায়ী পুনরায় জিগ পরিমার্জন/ পরিবর্ধন করে নিতে হবে।

৪) হাল নির্মাণের ক্ষেত্রে সকল প্রকার কনজুমেবল আইটেম (মাস্কিং টেপ, প্লেন গ্লাস, লেদার হ্যান্ড গ্লোভস, কটন হ্যান্ড গ্লোভস, ওয়্যার ব্রাশ, পেন্সিল গ্রাইন্ডিং মেশিন ও মাউন্টেন ষ্টোন, গেঞ্জি কাটিং জুট, ইলেকট্রোড, গ্রাইন্ডিং ডিস্ক, কাটিং ডিস্ক, ফ্লাপডিস্ক, এলপি গ্যাস, অক্সিজেন গ্যাস ইত্যাদি) ঠিকাদার কর্তৃক সরবরাহ করতে হবে। উল্লেখ্য, ইলেকট্রোডসমূহ এবং পাইপ ওয়েল্ডিং এর ফিলার মেটাল সমূহ অবশ্যই BV Class দ্বারা অনুমোদিত হতে হবে।

৫) ঠিকাদারকে অবশ্যই নিজস্ব প্রয়োজনীয় ওয়েল্ডিং মেশিন (ওয়েল্ডিং ক্যাবল এবং সার্ভিস কানেকশন ক্যাবল সহ) গ্রাইন্ডিং মেশিন, (সার্ভিস ক্যাবল সহ), হ্যান্ডশিল্ড (ব্লু গ্লাস ও সাদা গ্লাস), লতাবাতি (ক্যাবল ও হোল্ডার সহ), গ্যাস কাটিং টর্চ (হোজ পাইপ ও নজেল রেগুলেটর সহ কমপ্লিট), অটো গ্যাস কাটিং সেট (অপারেটর সহ), চিপিং হ্যামার, হ্যান্ড গ্লোবস, হাইড্রোলিক জ্যাক/ মেকানিক্যাল জ্যাক, ষ্টীল ওয়্যার ব্রাশ, ইলেকট্রিক ব্লোয়ার, ইলেকট্রিক বাল্ব, লতাবাতি ক্যাবলসহ, হ্যালোজেন লাইট সেড ক্যাবলসহ, ক্লিনিং ব্রাশ, সেফটি হেলমেট, মেজারিং ইনস্ট্রুমেন্ট, ড্রিল মেশিন, ড্রিল বিট, পাওয়ার বিট ইত্যাদি প্রয়োজনীয় মালামাল খুশিলির মেইন গেটে এন্ট্রি পূর্বক প্রবেশ করাতে হবে।

৬) ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত শ্রমিক এবং ম্যাটেরিয়ালের সেফটি সহ শ্রমিকদের নিরাপত্তা গিয়ার (PPE) যেমন- বয়লার স্যুট, সেফটি স্যু, সেফটি হেলমেট, হ্যান্ড গ্লোভস, বডি হার্নেস ইত্যাদি পরিধান নিশ্চিত করতে হবে।

৭) কাজের সকল রি-ওয়ার্কের দায়ভার ঠিকাদারকেই বহন করতে হবে।

৮) সকল ধরণের ওয়েল্ডিং, ওয়েল্ডিং সিডিউল অনুযায়ী করতে হবে।

৯) Ships owner, খুশিলির QC সেল এবং BV surveyor কর্তৃক সন্তোষজনক ইন্সপেক্শন করাতে হবে এবং সকল রিমার্কস ঠিকাদার তার নিজস্ব ব্যবস্থাপনায় সমাধান করবে।

১০) কাজের ধরণের উপর ভিত্তি করে সাব-কন্ট্রাক্টারের কাজ সমূহ সম্পন্নের লক্ষ্যে কারিগরি দক্ষতা সম্পন্ন এক বা একাধিক ম্যানেজার/ সুপারভাইজার দায়িত্বপ্রাপ্ত থেকে সংশ্লিষ্ট কাজের তদারকি করবেন।

১১) ভুলবশত মালামাল কাটিং/ বাতিল হলে ঠিকাদার কর্তৃক মালামালের ক্ষতি পূরণ/ নিজ খরচে সমাধান করতে হবে।

১২) খুশিলি কর্তৃক RAW ম্যাটেরিয়াল যেমনঃ স্টীল প্লেট সংশ্লিষ্ট সকল মালমাল সরবরাহ করবেন।

১৩) খুশিলি কর্তৃক স্ক্যাফোল্ডিং, প্লেট বেন্ডিং মেশিন, ওভার হেড ক্রেন, মোবাইল ক্রেন, ফর্কলিফট সহায়তা প্রদান করা হবে।

১৪)  খুশিলির নিরাপত্তা নীতিমালা অনুসরন করতে হবে এবং কাজ চলাকালিন সময়ে কোন দূর্ঘটনা ঘটলে তার দায়ভার ঠিকাদার বহন করবে। এছাড়াও কাজ করতে গিয়ে ঠিকাদারী প্রতিষ্ঠানের অবহেলা/ ভুলের কারনে খুশিলির মালামালের/ জবের কোন ক্ষতি সাধন হলে তার ক্ষতিপূরণ বাবদ ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল হতে কর্তন করা হবে।

১৫)  চুক্তি সম্পাদনের ৯০ দিন এর মধ্যে লঞ্চিং সংশ্লিষ্ট সকল কাজ সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে ঠিকাদারের নিকট থেকে প্রতিদিন বিলম্বের জন্য টাকা ৬,০০০.০০ (ছয় হাজার) হারে জরিমানা আদায় করা হবে। নির্ধারীত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার লক্ষ্যে ঠিকাদারের আবেদন সাপেক্ষে ঠিকাদারকে অফিস সময়ের পরে অতিরিক্ত সময় এবং প্রয়োজনে অফিস ছুটির দিনেও কাজ করিবার অনুমতি দেয়া যেতে পারে।

১৬)  কর্মস্থল এবং জাহাজ ঠিকাদার তার নিজ ব্যবস্থাপনায় পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৭)  **অপ্রাপ্ত বয়স্ক শ্রমিক নিয়োগ:** সরকারী আইন অনুযায়ী অপ্রাপ্ত বয়স্ক শ্রমিক কাজে নিয়োগ করা যাবে না।

১৮)  **ঠিকাদারের নিজস্ব মালামাল:** ঠিকাদারের নিজস্ব কাজে ব্যবহৃত যন্ত্রপাতি, মালামাল শিপইয়ার্ডে মেইন গেটে এন্ট্রি করিয়া ভিতরে প্রবেশ করাতে হবে।

জ।  **বিল পরিশোধ:** উল্লেখিত কাজ খুশিলির সংশ্লিষ্ট প্রোডাকশন অফিসার (টাগবোট-২) এর তত্ত্বাবধান এবং নির্দেশ মোতাবেক সম্পন্ন করতে হবে। কাজ শেষে ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের বিপরীতে ৩ (তিন) কপি বিল (ব্যাংকের নাম ও একাউন্ট নাম্বার সহ) দাখিল করতে হবে। প্রোডাকশন অফিসার (টাগবোট-২), সংশ্লিষ্ট ওআইসি, সংশ্লিষ্ট ডিজিএম এবং জিএম (প্রোডাকশন) এর প্রত্যায়ন সাপেক্ষে নিম্নবর্ণিত ধাপ অনুযায়ী বিল পরিশোধ করা হবে।

| ক্রঃ নং | কাজের ধাপ | বিলের পরিমান |
|---|---|---|
| ১. | প্রতিটি ব্লক ফিটিং/ নির্মাণ সম্পন্ন করতঃ খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও BV Class কর্তৃক ইন্স্পেক্শন্ ও ওয়েল্ডিং এর অনুমোদন গ্রহণ। | ২৫% |
| ২. | প্রতিটি ব্লক সম্পূর্ণ ওয়েল্ডিং শেষে খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও BV Class কর্তৃক ইন্স্পেক্শন্ ও অনুমোদন গ্রহণ। | ২৫% |
| ৩. | ব্লক ইরেকশন, ট্যাংক টেস্ট ও NDT (RT, UT) সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন। | ২৫% |
| ৪. | হালের মেইন ডেক পর্যন্ত খুশিলির কোয়ালিটি কন্ট্রোল ও BV ক্লাসের সন্তোজনক ইন্স্পেক্শন্ শেষে অনুমোদন রিপোর্ট প্রাপ্তিতে। | ২৫% |

ঝ।  **বিলম্বিত EOI ঃ** EOI খোলার নির্ধারিত সময়ের পর কোন EOI পাওয়া গেলে তাহা বিলম্বিত EOI হিসাবে গণ্য হবে এবং উক্ত EOI বাতিল করে বন্ধ অবস্থায় সংশ্লিষ্ট দরদাতার নিকট ফেরৎ দেওয়া হবে।

ঞ।  **EOI এ প্রদত্ত দরের মেয়াদঃ** EOI আহবানকারী প্রতিষ্ঠানের বিবেচনার জন্য প্রদত্ত দরের মেয়াদ ৪০ (চল্লিশ) দিন পর্যন্ত কার্যকরী এবং বলবৎ থাকবে।

ট।  **পিজি/ সিকিউরিটি মানিঃ**

১)  চুক্তি সম্পন্যের পূর্বে কৃতকার্য দরদাতাকে পিজি/ সিকিউরিটি মানি হিসাবে ৫% হারে চুক্তিপত্রে উল্লেখিত মোট মূল্যের উপর পে-অডার্র/ ডিমান্ড ড্রাফট সরকার অনুমোদিত ব্যাংক হতে খুলনা শিপইয়ার্ড লিঃ এর অনুকূলে জমা দিতে হবে। পিজি পাওয়ার পর চুড়ান্ত চুক্তিপত্র সম্পন্ন করা হবে।
২)  কৃতকার্য দরদাতা পিজি/ সিকিউরিটি মানি জমা দিতে ব্যর্থ হলে তার সাথে চুক্তি সম্পন্ন করা হবে না এবং জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
৩)  চুক্তি মোতাবেক কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে ঠিকাদারের সিকিউরিটি মানি/ পিজি বাজেয়াপ্ত করা হবে।

ঠ।  **EOI এ প্রদত্ত দরের ব্যখ্যাঃ** EOI এর মূল্য পরীক্ষা, নির্ণয় ও তুলনা করার সুবিধার্থে EOI আহবানকারী প্রতিষ্ঠান দরদাতার নিকট উহার যে কোন ব্যাখ্যা চাইতে পারেন। তবে এরূপ ক্ষেত্রে ব্যাখ্যার অনুরোধ এবং জবাব উভয়ই লিখিতভাবে হতে হবে এবং EOI উদ্ধৃত মূল্যের অথবা EOI এর বিষয়বস্তুর কোন পরিবর্তন করার অনুরোধ গ্রাহ্য হবে না।

ড।  **EOI আহবানকারী প্রতিষ্ঠান EOI গ্রহণ অথবা বাতিলের ক্ষমতাঃ** চুক্তি অর্পনের পূর্বে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন EOI অথবা সকল EOI গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ঢ।  **EOI এর মূল্যায়নঃ** EOI এর শর্তাবলীর, কারিগরী বিনির্দেশ, কাজের নিয়মাবলী, মূল্য এবং EOI আহবানকারী প্রতিষ্ঠানের পক্ষে সুবিধাজনক কোন বিষয়ের ভিত্তিতে EOI এর মূল্যায়ন করা হবে।

ণ।  **চুক্তি অর্পনঃ**

১)  EOI আহবানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেইরুপ কৃতকার্য দরদাতার উপর চুক্তি অর্পন করবেন যার EOI প্রকৃতভাবে গ্রহণযোগ্য এবং সর্বনিম্ন দরদাতা হিসাবে বিবেচিত হয়েছেন।

২) যদি কোন দরদাতা চুক্তি প্রত্যাখান করেন তা হলে তার জামানতের টাকা বাজেয়াপ্ত করণ অথবা তার বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

ত। সংশ্লিষ্ট কাজের জন্য সকল প্রকার ভ্যাট ও ট্যাক্স ব্যতিত শুধুমাত্র প্রকৃত কাজের মূল্য প্রদান করতে হবে।

থ। EOI দাখিলের পর ইহা বুঝাবে যে, EOI এ উল্লেখিত সমস্ত শর্তাবলী দরদাতা কর্তৃক গৃহীত বা স্বীকৃত হয়েছে যদি না দরদাতা তার বিপরীতে কোন স্পষ্ট বক্তব্য রাখেন।

দ। **EOI বাতিলের কারনঃ**

১) যদি EOI এ দরদাতার যথাযথ সীল ও স্বাক্ষরসহ দরপত্র সংযুক্ত না থাকে।
২) যদি আর্নেস্ট মানি টাকা যথাযথ নিয়মে এবং যথাযথ পরিমানে EOI এর সাথে সংযুক্ত না থাকে।
৩) যদি ব্যাংক গ্যারান্টি মারফত প্রদত্ত জামানতের টাকার পরিমান ও সময় EOI এর প্রয়োজন মোতাবেক না হয়।
৪) EOI এর খোলার পর যদি দরদাতা বর্ণিত মূল্য, বিনির্দেশ অথবা অন্য কোন শর্তাবলীর সংযোজন বা পরিবর্তন করেন।

ধ। **EOI এর সাথে প্রয়োজনীয় ডকুমেন্টঃ**

১) EOI এর সাথে আর্নেস্ট মানি অবশ্যই সংযুক্ত করতে হবে।
২) EOI এর সাথে হাল সনের ট্রেড লাইসেন্স, অভিজ্ঞতার সনদসহ অন্যান্য সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

এম এম খায়রুল আলম
ঊর্ধ্বতন বাণিজ্যিক কর্মকর্তা
পক্ষে ম্যানেজিং ডাইরেক্টর

আমি/ আমরা অত্র প্রতিষ্ঠানের সকল প্রকার নিয়মনীতি মেনে ব্যবসা কার্য পরিচালনা করতে বাধ্য থাকব।

প্রতিষ্ঠানের সীল /মোহরঃ

স্বাত্ত্বাধীকারীর স্বাক্ষর ও তারিখ


**EOI আহবানকারী কমিটির স্বাক্ষর**

| বাণিজ্যিক শাখা | হিসাবরক্ষন বিভাগ | ব্যবহারকারী |
|---|---|---|


সংলগ্নিঃ

ক) ড্রইং (ANNEX- A) - ০২ (দুই) পাতা।
খ) মূল্য তালিকা (ANNEX- B) - ০১ (এক) পাতা।


# ANNEX-A





PROFILE





PLAN





SECTION AT FR.16




SECTION AT FR.44





SECTION AT FR.45





SECTION AT FR.52

## BLOCK 2 SUB DIVIDING




PLAN VIEW

## BLOCK 6 SUB DIVIDING




PLAN VIEW

## WEIGHT ESTIMATION

| | | | |
|---|---|---|---|
| BLOCK 1A | :10.5 TON*1 | BLOCK 4A | :10.5 TON |
| BLOCK 1B | :10.9 TON*1 | BLOCK 4B | :14.4 TON |
| BLOCK 1C | :16.2 TON | BLOCK 5A | :– TON ┐ 27.01 TON |
| BLOCK 1D | :12.5 TON | BLOCK 5B | :– TON ┘ |
| BLOCK 1E | :18.6 TON | BLOCK 5C | :11.87 TON |
| BLOCK 2A | :13.1 TON | BLOCK 5D | :– TON ┐ 22.08 TON |
| BLOCK 2B | :15.1 TON | BLOCK 5E | :– TON ┘ |
| BLOCK 2C | :14.3 TON | BLOCK 6A | :15.4 TON |
| BLOCK 2D | :15.3 TON | BLOCK 6B | :15.2 TON |
| BLOCK 2E | :15.3 TON | BLOCK 7 | :8.8 TON |
| BLOCK 3P | :19.9 TON*2 | BLOCK 8 | :3.6 TON |
| BLOCK 3S | :19.9 TON*2 | | |

NOTE:
*1 : BLOCK WILL BUILD AT BUILDING BIRTH
*2 : BUILD AS BLOCK (WITHOUT SHELL)
ALL BLOCK WILL BUILD AS BLOCK (EXCEPT WITH NOTES)

## PRINCIPAL DIMENSION ( APPROX.)

| | |
|---|---|
| LENGTH (OA) – INCL FENDERS | 37.70M |
| LENGTH (OA) – EXCL FENDERS | 37.00M |
| BREADTH (MLD) | 11.00M |
| DEPTH (MLD) | 6.10M |
| DRAFT (MLD) | 5.00M |
| DECK CAMBER | 100 MM |

| REV | DESCRIPTION OF ALTERATION | DATE | BY | REV | DESCRIPTION OF ALTERATION | DATE | BY |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| 2 | BLOCK 5 UPDATED | 19.12.22 | NAV | | | | |
| 1 | BLOCK DIVISION UPDATED TO LIMIT BLOCK WT TO 20 TONS | 12.09.22 | NAV | | | | |

| | | |
|---|---|---|
| DRAWN : NTS | SCALE : 1 : 100 | PROJECT : 70T BOLLARD PULL TUG |
| CHECKED : NAV | CLIENT'S HULL NO. : NB786 & NB787 | TITLE : BLOCK DIVISION |
| DATE : 11 MARCH 2022 | | BUILDER : KHULNA SHIPYARD LIMITED, BANGLADESH |
| APPROVED BY CLASS DATED : | | |
| APPROVED BY OWNER DATED : | | OWNER : PAYRA PORT AUTHORITY, BANGLADESH |


DESIGNER :
NAVNAUTIK PTE LTD
NAVAL ARCHITECTS, MARINE ENGINEERS & MARINE SURVEYORS.
540 SIMS AVENUE
#02-04 SIMS AVE CENTRE
SINGAPORE 387603
TEL: +65 67417220
FAX: +65 67417219
E-mail: NPL@navnautik.com or navnautik@gmail.com


DRG. NO. : 01/22-H200 (SHT 1 OF 1 ) REV :2

# খুলনা শিপইয়ার্ড লিমিটেড
## বাংলাদেশ নৌ বাহিনী, খুলনা
ফোনঃ ০৪১-৭২০০০৩/৮১৩৯৭৫ ফ্যাক্সঃ ৮৮০-৪১-৭২০৪০৪, Website: www.khulnashipyard.gov.bd
E-mail : oiccoml.ksy@gmail.com

## ANNEX- B: RATE CHART

EOI নং বাবি- ২৯/৪৩৮/২৫-২৬

তারিখঃ ১২/০১/২০২৬
খোলার তারিখঃ ১৮/০১/২০২৬
বেলাঃ ১১-৩০ ঘটিকা

**কাজের বিবরণ ও দরঃ**

| ক্রঃ নং | কাজের বিবরন | কাজের পরিমান (আনুমানিক) | একক দর (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১. | **হালের কাজঃ** খুশিলির সরবরাহকৃত ড্রইং মোতাবেক ০১টি টাগবোট এর আনুমানিক ওজন: ২৩০ টন, মোট ব্লকঃ ২০টি, খুশিলির QC এবং BV সার্ভেয়ার কর্তৃক ইন্সপেক্শন্ ও অনুমোদন সাপেক্ষে নির্মাণ সম্পন্ন করা। | ২৩০ টন | প্রতি টন টাঃ | টাঃ |
| | (ড্রয়িং মোতাবেক কার্য সম্পাদন করতে হবে) | | **সর্বমোট** | টাঃ |

১) সর্বমোট টাকা : ..............................................................................

২) সর্বমোট টাকা (কথায়) : ..............................................................................

৩) মন্তব্য (যদি থাকে) : ..............................................................................

..............................................................................

..............................................................................

..............................................................................

৪) বর্তমান ঠিকানা : ..............................................................................

..............................................................................

..............................................................................

৫) ই-মেইল : ..............................................................................

৬) মোবাইল নম্বর : ..............................................................................

৭) সিল ও স্বাক্ষর : ..............................................................................

৮) EOI এর সাথে নিম্নে বর্ণিত নথিপত্র জমা প্রদান করতে হবে।

ক) ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি ☐
খ) সম্মতি বিবৃতি ☐
গ) অভিজ্ঞতার সার্টিফিকেট ☐
ঘ) অন্যান্য (যদি থাকে) ☐

**EOI আহবানকারী কমিটির স্বাক্ষর**

বাণিজ্যিক শাখা　　　হিসাবরক্ষন বিভাগ　　　ব্যবহারকারী